তারিখ 02
পৃষ্ঠা ২৪ কলাম ২

# দুর্নীতির বেশি অভিযোগ শিক্ষা অফিসের বিরুদ্ধে

## নাগেশ্বরীতে দুদকের গণশুনানি

**স্টাফ রিপোর্টার, কুড়িগ্রাম ।** নাগেশ্বরী উপজেলায় দুর্নীতিবিষয়ক গণশুনানি অনুষ্ঠিত হয়েছে। বুধবার দুপুর ১২টা থেকে ৩ ঘণ্টাব্যাপী গণশুনানিতে উপজেলার ১০টি দফতরের বিভিন্ন অনিয়ম-দুর্নীতি এবং সেবা না পাওয়ার অভিযোগ তুলে ধরছেন বিভিন্ন এলাকার মানুষ। দুর্নীতি দমন কমিশন (দুদক) ও বিশ্বব্যাংক যৌথভাবে এ শুনানির আয়োজন করেন। নাগেশ্বরী উপজেলা চত্বরে গণশুনানির অনুষ্ঠানে সংক্ষিপ্ত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন দুদক কমিশনার নাসিরউদ্দীন আহমেদ। উপজেলা নির্বাহী অফিসার আবু হায়াত মোঃ রহমতুল্লাহর সভাপতিত্বে বক্তব্য রাখেন দুদক পরিচালক মনিরুজ্জামান, রাজশাহী কার্যালয়ের পরিচালক আবদুল আজিজ ভুইয়া, রংপুর বিভাগীয় সমন্বয়ক মোজাহার আলী সরকার, বিশ্বব্যাংকের প্রতিনিধি, কুড়িগ্রাম জেলা প্রশাসক খান মোঃ নুরুল আমিন, নাগেশ্বরী উপজেলা পরিষদ চেয়ারম্যান আবুল কাশেম, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার আবু বকর সরকার, উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি আবদুল হাকিম প্রমুখ। দুদক কমিশনার নাসিরউদ্দীন আহমেদ বলেন, বাংলাদেশের সংবিধানে সরকারি চাকরিজীবীদের জনগণের সেবক হিসেবে উল্লেখ করা হয়েছে। তারই আলোকে স্থানীয় জনসাধারণ সেবা পাচ্ছে কি না, তা জানতেই দুদকের এই উদ্যোগ। পরে জেলা প্রশাসক খান মোঃ নুরুল আমিনের সঞ্চালনায় গণশুনানি অনুষ্ঠিত হয়। এতে ভূমি অফিস, সেটেলমেন্ট অফিস, সাব-রেজিস্ট্রি অফিস, পল্লী বিদ্যুত সমিতি, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যালয়, হিসাবরক্ষণ অফিস, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার অফিস, সমবায় অফিস, সমাজসেবা অফিস, প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা অফিস নিয়ে সেবা গ্রহীতা জনসাধারণের পক্ষ থেকে বেশকিছু দুর্নীতি ও অনিয়মের অভিযোগ ওঠে। এর মধ্যে শিক্ষা বিভাগের বিরুদ্ধে গুরুতর কিছু অভিযোগ উথাপন করা হয়। এগুলোর বেশিরভাগ তদন্ত করতে উপজেলা প্রশাসনকে নির্দেশ দেয়া হয় এবং দ্রুত নিষ্পত্তির নির্দেশ দেন শুনানির সঞ্চালক জেলা প্রশাসক খান মোঃ নুরুল আমিন।